



আইন অনুযায়ী সেনা প্রত্যাহার শুরু হবে পর্যায়ক্রমে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বর্তমান আইন অনুযায়ী দায়িত্ব পালনে মাঠে থাকা সেনাবাহিনীকে পর্যায়ক্রমে ব্যারাকে ফিরিয়ে নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

মঙ্গলবার (২৮ এপ্রিল) রাজধানীর আগারগাঁওয়ে কোস্ট গার্ডের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, আইনগত প্রয়োজনেই সেনাবাহিনী এখন মাঠে রয়েছে। তবে পরিস্থিতি বিবেচনায় ধাপে ধাপে তাদের দায়িত্ব প্রত্যাহার করা হবে।

তিনি আরও বলেন, অতীতে জঙ্গিবাদের ইস্যু ব্যবহার করে রাজনৈতিক সুবিধা নেওয়ার প্রবণতা ছিল।

বর্তমানে দেশে তেমন কোনো জঙ্গি তৎপরতা নেই, যদিও অন্যান্য দেশের মতো কিছু বিচ্ছিন্ন চরমপন্থি গোষ্ঠী থাকতে পারে।

অনুষ্ঠানে তিনি উল্লেখ করেন, বিএনপি সরকারের সময় বেগম খালেদা জিয়ার উদ্যোগে কোস্ট গার্ড প্রতিষ্ঠিত হয়। সময়ের সঙ্গে সঙ্গে বাহিনীটি জনগণের আস্থা অর্জন করেছে এবং উপকূলীয় নিরাপত্তার পাশাপাশি দেশের অভ্যন্তরেও বিভিন্ন দায়িত্ব পালন করছে।